

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭১/২০১৬

অভিযোগকারী : জনাব রাশেদ আহমেদ

পিতা-মোঃ আব্দুল মজিদ
বর্তমান ঠিকানা-গাজী বাড়ি
ডি-১৮/১, তালবাগ
সাভার, ঢাকা।

প্রতিপক্ষ : উপ-পরিচালক

ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা সমাজসেবা কার্যালয়
২ নং নিউ ইস্কাটন রোড
ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৫-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ ১৫-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে তথ্য প্রদানকারী কর্মকর্তা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা, ২ নং নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা জেলা সমাজসেবা কার্যালয়, ২ নং নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

যেহেতু “জাতীয় অন্ধ সংস্থা” ৬ নং অরফানেজ রোড, লালবাগ, ঢাকা, ঢাকা জেলা সমাজসেবা অফিস থেকে নিবন্ধিত একটি সংস্থা সেহেতু আপনার কাছে নিম্ন বিষয় সমূহ সম্পর্কে তথ্য চাই-

১. “জাতীয় অন্ধ সংস্থা”র সাংগঠনিক কাঠামো এবং সর্বশেষ নির্বাচিত নির্বাহী কমিটির তালিকাসহ প্রতিষ্ঠার পর থেকে বর্তমান পর্যন্ত যতগুলো কার্যনির্বাহী কমিটি দায়িত্ব পালন করেছে তার সকল সদস্যের নামসহ তালিকা (মোবাইল নাম্বার সহ) পেতে চাই।
২. সংস্থাটির বর্তমান স্থাবর ও অস্থাবর সম্পদ/সম্পত্তির পরিমাণ কত? তা কিভাবে অর্জিত? তালিকাসহ এসব সম্পত্তির অবস্থান জানতে চাই।
৩. সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জাতীয় অন্ধ সংস্থায় এযাবৎ কতগুলো অডিট পরিচালিত হয়েছে? সর্বশেষ অডিট এর রিপোর্ট পেতে চাই। উক্ত সংস্থায় অডিট পরিচালনায় কখনো কোন অনিয়ম ধরা পড়েছে? ধরা পড়লে তার ভিত্তিতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
৪. “জাতীয় অন্ধ সংস্থা” আয়-ব্যয় সম্পর্কিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণকারীদেও নাম, ঠিকানা ও ২০১৩, ১৪, ১৫ সালের সকল সিদ্ধান্তের কপি পেতে চাই।
৫. প্রতিষ্ঠার পর থেকে উক্ত সংস্থা সরকারী, বেসরকারী ও ব্যক্তিগত কি পরিমাণ অনুদান গ্রহণ করেছে। সকল হস্তান্তর পত্রের (টাকার পরিমাণ ২০,০০০/- টাকার উপরে) ফটোকপি পেতে চাই। অনুদান গ্রহণের সময়, দাতা ও গ্রহিতার পরিচয়সহ বিস্তারিত তথ্য পেতে চাই।
৬. উক্ত বিষয় সমূহের সাথে জড়িত যাবতীয় মূল নথি দেখতে চাই।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৯-০১-২০১৬ তারিখে মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), সমাজসেবা অধিদপ্তর, সমাজসেবা ভবন, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৬-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৫-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব রাশেদ আহমেদ হাজির। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে জনাব মোঃ আবু সিদ্দিক ভূইয়া, অফিস সহ: কাম কম্পিউটার অপারেটর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বিভ্রান্তিকর তথ্য সরবরাহ করায় আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন। তিনি আরো উল্লেখ করেন যে, তাকে আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে।

০৫। প্রতিপক্ষে হাজির অফিস সহ: কাম কম্পিউটার অপারেটর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থিত আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। ১৯৮০, ২০১০ ও ২০১৩ সালে অন্ধদের নির্বাচন সম্পন্ন হয়েছে। কিন্তু ২০১০ ও ২০১৩ সালের তথ্য সংরক্ষিত রয়েছে। অবশিষ্ট জাতীয় অন্ধ সংস্থার নিকট তথ্য রয়েছে।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে আংশিক তথ্য সরবরাহ করেছেন। অভিযোগকারীর প্রার্থিত অবশিষ্ট তথ্য জাতীয় অন্ধ সংস্থায় রয়েছে। অভিযোগকারী সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করে অবশিষ্ট তথ্য সংগ্রহ করতে পারেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর কার্যালয়ে সংরক্ষিত তথ্য, কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১২-০৫-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্যের মধ্যে সংশ্লিষ্ট উপ-পরিচালকের কার্যালয়ে সংরক্ষিত তথ্যাদি, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ-পরিচালক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার